দৈনিক ইত্তেফাক

তারিখ: 10 JAN 2014
পৃষ্ঠা: ৩ কলাম: ২

# বিনামূল্যে বই বিতরণে ব্যয় ৭৩৯ কোটি ১০ লাখ টাকা

■ বাসস

চলতি ২০১৪ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক, ইবতেদায়ী, দাখিল ও দাখিল ভোকেশনাল এবং এসএসসি ভোকেশনাল স্তরের শিক্ষার্থীদের মাঝে ৩১ কোটি ৭৭ লাখ ২৫ হাজার ৫২৬টি বই বিনামূল্যে বিতরণে সরকারকে ৭৩৯ কোটি ১০ লাখ টাকা ব্যয় করতে হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) চেয়ারম্যান অধ্যাপক মো: শফিকুর রহমান বাসসকে বলেন, প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের মাঝে বিতরণের লক্ষ্যে প্রস্তুতকৃত বইসমূহে অর্থ সহায়তা প্রদান করেছে বিশ্ব ব্যাংক। এ খাতে তাদের মোট ব্যয় হয়েছে ৩২৩ কোটি ১০ লাখ টাকা। অবশিষ্ট ৪১৬ কোটি টাকা ব্যয় করেছে বাংলাদেশ সরকার।

তিনি বলেন, বিশ্বব্যাংকের অর্থায়নে প্রাথমিক স্তরের ২ কোটি ৩১ লাখ ৬৯ হাজার ৩৫১ জন শিক্ষার্থীর ৩৩টি বিষয়ের ১১ কোটি ৫৯ লাখ ২৯ হাজার ৯০৭টি বই প্রস্তুত ও বিতরণে ব্যয় হয়েছে ২৯২ কোটি টাকা। আর প্রাক-প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের ২টি বিষয়ের ১ কোটি ৮০ লাখ ৪৯ হাজার ৫৮৮টি বই প্রস্তুত ও বিতরণে ব্যয় হয়েছে ৩১ কোটি ১০ লাখ টাকা।

এনসিটিবি'র চেয়ারম্যান বলেন, মাধ্যমিক, ইবতেদায়ী, দাখিল ও দাখিল ভোকেশনাল এবং এসএসসি ভোকেশনাল স্তরের ১ কোটি ৪১ লাখ ৬৭ হাজার ৩২১ জন শিক্ষার্থীর ২৩৫টি বিষয়ের ১৭ কোটি ৩৭ লাখ ৪৬ হাজার ৩১টি বই প্রস্তুত ও বিতরণে সরকারের মোট ব্যয় হয়েছে ৪১৬ কোটি টাকা। এরমধ্যে মাধ্যমিক ও এসএসসি ভোকেশনাল স্তরের ৯৪ লাখ ৪৫ হাজার ১৩৬ জন শিক্ষার্থীর ১৩০টি বিষয়ের ১৩ কোটি ৭৫ লাখ ৭৬ হাজার ৯৭'টি বই প্রস্তুত ও বিতরণে ৩২৯ কোটি টাকা, ইবতেদায়ীর ২৬ লাখ ৪ হাজার ৯৪২ জন শিক্ষার্থীর ৩৪টি বিষয়ের ১ কোটি ৭৪ লাখ ৮৮ হাজার ২৬৭টি বই প্রস্তুত ও বিতরণে ২১ কোটি টাকা এবং দাখিল ও দাখিল ভোকেশনাল স্তরের ২১ লাখ ১৭ হাজার ২৪৩ জন শিক্ষার্থীর ৭১টি বিষয়ের ২ কোটি ৮৬ লাখ ৮০ হাজার ৮৬৪টি বই প্রস্তুত ও বিতরণে সরকারের ব্যয় হয়েছে ৬৬ কোটি টাকা।

তিনি বলেন, প্রায় ৩২ কোটি বই ছাপাতে এনসিটিবি'র ৫১ লাখ ৭৮ হাজার ৫১৮ দশমিক ৭ রিম বা ৮০ হাজার ১৮৭ দশমিক ৬৫ টন কাগজ লেগেছে। গড়ে প্রতি ফর্মা ১ দশমিক ২৮ টাকা দরে একটি বই প্রস্তুতসহ বিতরণে সরকারের ব্যয় হয়েছে ২০ দশমিক ১৯ টাকা।

প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের বইসমূহে ৮০ জিএসএম এবং অন্যান্য শ্রেণির বইসমূহে ৬০ জিএসএম পেপার ব্যবহার করা হয়েছে। তিনি আরো বলেন, এই বিশাল কর্মযজ্ঞে অর্থাৎ পাঠ্যপুস্তক মুদ্রণ, বাঁধাই ও পরিবহন কর্মকাণ্ডে প্রায় দেড় লাখ লোক নিয়োজিত ছিল। ভারতের ৫টিসহ মোট ৪৭৭টি মুদ্রণ প্রতিষ্ঠানে ছাপার কাজ সম্পন্ন করা হয়। আর দেশের ৬৪ জেলার প্রত্যন্ত অঞ্চলে বইসমূহ পৌঁছে দিতে ১৬ হাজার ৩৮টি ট্রাক ব্যবহার করা হয়।